

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ২৫

া আরবি মূল আয়াত:

وَ مَا اَرسَلنَا مِن قَبلِكَ مِن رَّسُولٍ إِلَّا نُوحِى اِلَيهِ اَنَّهُ لَا اِلْهَ اِلَّا اَنَا فَاعبُدُونِ ﴿٢٥﴾

আর তোমার পূর্বে এমন কোন রাসূল আমি পাঠাইনি যার প্রতি আমি এই ওহী নাযিল করিনি যে, 'আমি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই; সুতরাং তোমরা আমার ইবাদাত কর।' — আল-বায়ান

আমি তোমার পূর্বে এমন কোন রসূলই পাঠাইনি যার প্রতি আমি ওয়াহী করিনি যে, আমি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই। কাজেই তোমরা আমারই 'ইবাদাত কর। — ভাইসিক্রল

আমি তোমার পূর্বে এমন কোন রাসূল প্রেরণ করিনি তার প্রতি 'লা ইলাহা ইল্লাল্লাহ' এই অহী ব্যতীত। সুতরাং তোমরা আমারই ইবাদাত কর। — মুজিবুর রহমান

And We sent not before you any messenger except that We revealed to him that, "There is no deity except Me, so worship Me." — Sahih International

২৫. আর আপনার পূর্বে আমরা যে রাসূলই প্রেরণ করেছি তার কাছে এ ওহীই পাঠিয়েছি যে, আমি ব্যতীত অন্য কোন সত্য ইলাহ নেই, সুতরাং তোমরা আমারই ইবাদাত কর।

তাফসীরে জাকারিয়া

- (২৫) আমি তোমার পূর্বে 'আমি ছাড়া অন্য কোন (সত্য) উপাস্য নেই; সুতরাং তোমরা আমারই উপাসনা কর'-এ প্রত্যাদেশ ছাড়া কোন রসূল প্রেরণ করিনি। [1]
 - [1] সমস্ত নবীগণও এই একেশ্বরবাদের বাণী নিয়েই আগমন করেছিলেন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2508



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন